

Handwritten signature and initials.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(প্রশাসন-১ শাখা)  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৩.২০১৫-১২৪৬

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
১৯ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রস্তুতি ও করণীয় নির্ধারণে বিষয়ে গত ০৯/০৭/২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত।

গত ০৯/০৭/২০১৭ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রস্তুতি ও করণীয় নির্ধারণে বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

- ১) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিরা যেন বন্যা দুর্গত এলাকায় ত্রান সামগ্রী দ্রুত, যথাযথভাবে ও সুষ্ঠুভাবে জনগনের দুঃখ দুর্দশা লাঘবের নিমিত্ত বিতরণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে নির্দেশনা প্রদান করতে হবে।
- ২) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বন্যা দুর্গত এলাকায় কোন কর্মকর্তা/কর্মচারীকে এ মুহুর্তে ছুটি প্রদান করা যাবে না। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বন্যা দুর্গত এলাকায় অন্য জেলা থেকে মেকানিক পদায়ন করে নলকূপসমূহকে বন্যার পানিমুক্ত রেখে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করতে হবে। মৌলভীবাজার জেলাসহ বন্যা দুর্গত পরিমিত পানি বিশুদ্ধ করণ ট্যাবলেটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জন্য নতুন অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ দ্রুত অবমুক্তের ব্যবস্থা করতে হবে।
- ৪) নির্বাহী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বগুড়াকে সারিয়াকান্দি উপজেলার জন্য ১টি নলকূপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে বন্যা দুর্গত এলাকায় রাস্তাসমূহ দ্রুত মেরামতের জন্য নির্দেশনা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, গত ০৯/০৭/২০১৭ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রস্তুতি ও করণীয় নির্ধারণে বিষয়ে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

Handwritten signature and stamp of the local government.

Handwritten signature and stamp of the local government.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১-৮৪৪

তারিখঃ ৩১/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়ািলিপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০

বিতরণঃ কার্যার্থেঃ-

১. চেয়ারম্যান,.....উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার ..... উপজেলা।
৩. ভাইস চেয়ারম্যান (সকল); .....উপজেলা পরিষদ।

অনুলিপিঃ  
১ প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।